



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর  
উপজেলা কার্যালয়, রংপুর সদর, রংপুর



doict.rangpursadar.rangpur.gov.bd

স্মারকঃ ৫৬.০৪.৮৫৪৯.০০১.২৫.০০১.২৩.৪১

তারিখঃ ২৩ মাঘ ১৪২৯ বঙ্গাব্দ  
৬ ফেব্রুয়ারি ২০২৩ খ্রিঃ

বিষয়ঃ তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তরের আওতায় বেকার যুবক/যুব মহিলাদের কর্মসংস্থানের নিমিত্ত রংপুর সদর উপজেলায় ফ্রিল্যান্সিং প্রশিক্ষণের জন্য পুনঃ আবেদন আহ্বান ও মৌখিক পরীক্ষায় অংশগ্রহণ প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তরের আওতায় বেকার যুবক/যুব মহিলাদের কর্মসংস্থানের নিমিত্ত রংপুর সদর উপজেলায় ৪০ দিন ব্যাপী মোট ১২০ ঘন্টার ফ্রিল্যান্সিং প্রশিক্ষণ কার্যক্রম সম্পূর্ণ বিনামূল্যে পরিচালনা করা হবে। উক্ত প্রশিক্ষণের জন্য প্রাপ্ত আবেদন পর্যালোচনা না হওয়ায় উর্ধ্বতন কর্তৃপক্ষের অনুমোদনক্রমে পুনঃ আবেদন আহ্বান করা হচ্ছে। উল্লেখ্য, যারা ইতোপূর্বে আবেদন করেছে, তাঁদের পুনরায় আবেদন করার প্রয়োজন নেই। তারা সরাসরি মৌখিক পরীক্ষায় অংশগ্রহণ করবেন। নতুন আবেদনকারীগণ আবেদন ফরম পূরণ করে প্রয়োজনীয় সনদপত্রাদি মৌখিক পরীক্ষার সময় সাথে করে নিয়ে আসবেন। যারা ১ম পর্যায়ে গত ২৪.০১.২০২৩খ্রিঃ তারিখে মৌখিক পরীক্ষায় উত্তীর্ণ হয়েছেন, তাঁদের আসতে হবেন। ১ম ও ২য় পর্যায়ের উত্তীর্ণদের মধ্য থেকে প্রশিক্ষণের জন্য নির্বাচিতদের তালিকা পরবর্তীতে প্রকাশ করা হবে। প্রশিক্ষণ শুরুর সম্ভাব্য তারিখ ১২ ফেব্রুয়ারি ২০২৩খ্রিঃ রোজ রবিবার। সময়ঃ দুপুর-২.৩০ঘটিকা হতে বিকাল ৫.৩০ ঘটিকা পর্যন্ত।

মৌখিক পরীক্ষার স্থান, তারিখ ও সময়ঃ

উপজেলা নির্বাহী অফিসারের অফিস কক্ষ, রংপুর সদর, রংপুর

০৮ ফেব্রুয়ারি ২০২৩ খ্রিঃ রোজ বুধবার

সকালঃ ১০.০০ ঘটিকা।

কোর্সের নামঃ

১) ডিজিটাল মার্কেটিং

প্রশিক্ষার্থীর যোগ্যতাঃ

- ১) ১৮-৩৫ বছর বয়সী বাংলাদেশী নাগরিক।
- ২) রংপুর সদর উপজেলা/ রংপুর সিটি কর্পোরেশনের বর্তমান বাসিন্দা।
- ৩) এম এস ওয়ার্ড, এক্সেল, ফটোশপ, ইলাস্ট্রেটর ও কম্পিউটার পরিচালনায় দক্ষ।
- ৪) নিজস্ব ল্যাপটপ আছে এমন প্রার্থী অগ্রাধিকার পাবেন।
- ৫) ফ্রিল্যান্সিং এ আগ্রহী ও মনযোগী হতে হবে।

প্রশিক্ষার্থীদের এক্সপার্ট ফ্রিল্যান্সারদের তত্ত্বাবধানে প্রশিক্ষণের সুযোগ রয়েছে। বাংলাদেশের সেরা ফ্রিল্যান্সার কমিউনিটির সাথে বিভিন্ন প্ল্যাটফর্মে কাজ করার সুযোগ থাকবে। শুধুমাত্র উপার্জনকারীদের সরকারি সার্টিফিকেট প্রদান করা হবে।

০৬.০২.২০২৩

(মোঃ ফারহান নওরোজ নূর)

সহকারী প্রোগ্রামার

তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর  
উপজেলা কার্যালয়, রংপুর সদর, রংপুর

ও

সদস্য সচিব

প্রশিক্ষার্থী বাছাই ও মূল্যায়ন কমিটি

বিতরণঃ সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে (জ্যেষ্ঠতার ভিত্তিতে নহে)

০১। মহাপরিচালক, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, আইসিটি টাওয়ার, আগারগাঁও, ঢাকা-১২০৭।

০২। উপজেলা নির্বাহী অফিসার, রংপুর সদর, রংপুর।

০৩। প্রোগ্রামার, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, জেলা কার্যালয়, রংপুর।

০৪। আঞ্চলিক পরিচালক, বাংলাদেশ কম্পিউটার কাউন্সিল, রংপুর।

০৫। বাংলাদেশ ফ্রিল্যান্সার ডেভেলপমেন্ট সোসাইটি(বিএফডিএস) এর প্রতিনিধি, রংপুর।

০৬। অফিস কপি।